মৌবনের দেয়া সেলাই মেশিন পেয়ে খুশি রত্মা খাতুন

‘আমার জীবনযুদ্ধে এই সেলাই মেশিনটি হবে একটি অবলম্বন। এখন মনে অনেক সাহস পাচ্ছি। আপাকে কৃতজ্ঞতা জানানোর ভাষা নেই।’ নতুন একটি সেলাই মেশিন পেয়ে এভাবে অনুভূতি প্রকাশ করেছে রত্মা খাতুন। সে কুষ্টিয়ার দৌলতপুর উপজেলার এসএমএন মাধ্যমিক বিদ্যালয়ের সপ্তম শ্রেণীর শিক্ষার্থী। তার মতো আরো বেশ কয়েকজনকে সেলাই মেশিন দেওয়া হয়।

কুষ্টিয়ার মৌবন পরিচালিত ‘নারী বাতায়ন’ সংস্থার সভাপতি সাফিনা আঞ্জুম জনী এগুলো বিতরণ করেন।

স্থানীয় সূত্রে জানা গেছে, দুই ভাই ও এক বোনের মধ্যে ছোট রত্মা খাতুন। ক্যান্সারে আক্রান্ত হয়ে বাবা এবং সড়ক দুর্ঘটনায় তকার মা মারা গেলে এতিম হয়ে পড়ে রত্মা খাতুন।

সপ্তম শ্রেণিতে পড়ালেখা করা এই কিশোরী নিজের ইচ্ছা শক্তিতেই সেলাই প্রশিক্ষণ নিয়ে মোটামুটি কাজ শুরু করেন। তবে নিজের একটা সেলাই মেশিন পেলে তার উপকারে লাগতো বলে অভিমত প্রকাশ করে। বিষয়টি জানতে পেরে মৌবন পরিচালিত নারী বাতায়নের উদ্যোগে সেলাই মেশিন উপহার দেন।

মৌবন আঙ্গিনায় শুক্রবার দুপুরে রত্মা খাতুনের হাতে সেলাই মেশিনটি তুলে দেন মৌবনের সিইও হাবিবুল আলম।

এ সময় উপস্থিত ছিলেন মৌবনের জেনারেল ম্যানেজার মোশাররাফুল হক বকুল, ম্যানেজার আশিকুজ্জামান রনি, মীর তনিমা ও সাংবাদিক এস এম জামাল।

কৃতজ্ঞতা প্রকাশ করে রত্মা খাতুন বলেন, আজকের ◌্এই উপহার হিসেবে পাওয়া সেলাই মেশিনটি দিয়ে আমার নিজের পড়ালেখা চালানোসহ পরিবারের স্বচ্ছলতা ফিরিয়ে আনতে বাসায় থেকে সেলাইয়ের কাজ করবেন বলে জানান। সেলাই মেশিন পেয়ে আমি অনেক খুশি। এজন্য তিনি মৌবনের নির্বাহী পরিচালক সাফিনা আঞ্জুম জনীর প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেন।

বিশিষ্ট সমাজসেবক ও মৌবনের নির্বাহী পরিচালক নারী বাতায়ন এর

সভাপতি সাফিনা আঞ্জুম জনী বলেন, ‘আমাদের প্রত্যেক সামর্থ্যবান মানুষের উচিত অসহায় লোকজনের পাশে দাঁড়ানো। তাদের সামান্য সহায়তায় একটি পরিবারের দুঃখ-কষ্ট লাঘব হতে পারে। আজকের এই আয়োজন তারই প্রমাণ। তিনি বলেন,‘সামাজিক দায়বদ্ধতা থেকে এতিমসহ সমাজের সুবিধা বঞ্চিত নারী ও বৃদ্ধসহ শিশুদের জন্য কিছু একটা করার চেষ্টা করছি মৌবনের সহায়তায় নারী বাতায়নের মাধ্যমে। এছাড়াও মেডিকেল কলেজসহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে দরিদ্র মেধাবীদের শিক্ষা সহায়তাসহ নানান ধরনের সহযোগীতার হাত বাড়ানো হয়ে থাকে। আমরা সবাই মিলে উদ্যোগ নিলে এই তাদের দুর্ভোগ অনেকটা কমানো সম্ভব বলেও মনে করেন তিনি।

প্রসঙ্গত, নারীদের উন্নয়ন ও নারীদের স্বাবলম্বী করতে বিভিন্ন ধরনের কার্যক্রমের পাশাপাশি সামাজিক কর্মকাণ্ডে সম্পৃক্ত রয়েছে নারী বাতায়ন সংস্থাটি। যেটির উদ্যোগে রয়েছে মৌবন।

কুষ্টিয়ায় নারী বাতায়ন’র উদ্যোগে প্রবীণদের মাঝে উপহার সামগ্রী বিতরণ

কুষ্টিয়া জেলা মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক নূরে সফুরা ফেরদৌস বলেছেন, একজন প্রবীণ একটি পরিবারের স্তম্ভ। তারা একটি সুন্দর রাষ্ট্রের খুঁটি। যাদের অভিজ্ঞতা কাজে লাগিয়ে পরিবার এবং সমাজ এগিয়ে যেতে পারে।’

তিনি বলেন, ‘প্রবীণরা শিশুর মতো হয়। শিশুরা যেমন ভালোবাসা চায়, মানুষ বয়সের ভারে তেমনই শিশুর মতো হয়ে যায়। তাই আমাদের বড় করা প্রবীণদের প্রতি যত্নশীল হতে হবে।

আন্তর্জাতিক প্রবীণ দিবস উপলক্ষে গত সোমবার কুষ্টিয়া শহরের মৌবন পরিচালিত নারী বাতায়ন এর উদ্যোগে প্রবীণদের জন্য উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে এ আহবান জানান তিনি।

প্রবীণদের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে আগামীর উন্নত ও সমৃদ্ধ সোনার বাংলা বিনির্মাণের আহবান জানিয়ে তিনি বলেন,
প্রবীণরা আমাদের ভুলগুলো সুধরে দিতে কার্যকর পরামর্শ প্রদান করতে পারেন। যা আমাদের দেশকে সঠিক পথে এগিয়ে নিয়ে যেতে সহায়তা করবে।

সমাজে প্রবীণ জনগোষ্ঠীর যথাযথ সম্মান এবং তাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্য রক্ষায় সকলকে এগিয়ে আসার আহবানও জানান তিনি।

নারী বাতায়ন এর সভাপতি সাফিনা আঞ্জুম জনীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন দৌলতপুর উপজেলা মহিলা বিষয়ক অফিসার মর্জিনা খাতুন, মিরপুর উপজেলা মহিলা বিষয়ক অফিসার তমান্নাজ খন্দকার, ভেড়ামারা উপজেলা মহিলা বিষয়ক অফিসার জান্নাতুল ফেরদৌস, কুমারখালি উপজেলা মহিলা অফিসার ফেরদৌস নাজনীন সুমনা, ডে কয়ার অফিসার মিনা রানী সাহাসহ মৌবনের ম্যানেজার আশিকুজ্জামান রনি, মীর তনিমা উপস্থিত ছিলেন।

নারী বাতায়ন এর সভাপতি সাফিনা আঞ্জুম জনী বলেন, আমাদের সবার হৃদয়ে রয়েছে প্রবীণ (আপনাদের) জন্য বিশেষ স্থান। আপনাদের জীবন অভিজ্ঞতায় ভরপুর। সমাজ-সভ্যতার জন্য আপনাদের অবদান রয়েছে। এই সামান্য উপহার কিছু না। আমরা আপনাদেরকে হৃদয়ের বন্ধনে আবদ্ধ করে রাখতে চাই।

প্রসঙ্গত, মৌবন পরিচালিত নারী বাতায়ন সমাজের প্রবীণ, সুবিধাবঞ্চিত ও অসহায় মানুষের জীবনমান উন্নয়নে কাজ করছে। এছাড়াও এগারোজন প্রবীণকে প্রতিমাসে নগদ অর্থ সহায়তাসহ নানান ধরনের সহযোগিতা করা হয়ে থাকে।

গাংনীতে কালব এর ১২তম বার্ষিক সভা অনুষ্ঠিত

গাংনী উপজেলা শিক্ষক কর্মচারী কো -অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড (কালব) এর ১২তম বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ১০টায় গাংনী মহিলা ডিগ্রী কলেজের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। বিশেষ অতিথি ছিলেন গাংনী উপজেলা সমবায় অফিসার মাহাবুবুল হক মন্টু।

মহিলা ডিগ্রী কলেজের অধ্যক্ষ খোরশেদ আলীর সভাপতিত্বে বিগত সভার কার্যবিবরণী পাঠ করেন সংগঠনের সাধারণ সম্পাদক মনিরজ্জামান মনি।

এসময় বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক কর্মচারী ও কালব এর কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

শিক্ষক কর্মচারী কো অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিমিটেড এর ২০২১-২০২২ অর্থবছরের আয় ব্যয় তুলে ধরা হয় এবং লটারির মাধ্যমে ৬৫ জন বিজয়ীকে পুরুস্কৃত করা হয়।

সভায় সংগঠনের সদস্য ও সঞ্চয় বৃদ্ধির উপর গুরুত্বারোপ করা হয়।

আমঝুপিতে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এর কমিটি গঠন ও ওরিয়েন্টেশন

গবার জন্য মান সম্মত শিক্ষা নিশ্চিত করতে ও শিক্ষায় কমিউনিটির অংশ গ্রহনে সামাজিক প্লাটফরম কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ গঠনও ওরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়।

গতকাল বুধবার সকাল ১০ টার দিকে আমঝুপি মউকের হলরুমে গনসাক্ষরতা অভিযান এর সহযোগিতায় মানবউন্নয়ন কেন্দ্র মউক এ সভায় আয়োজন করে।

সমাজ সেবক আ: রকিব এর সভাপতিত্বে কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপের লক্ষ্যে ও উদ্দেশ্য তুলে ধরেন মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিম। সভায় সকলের সর্বসমতি ক্রমে অধ্যাপক সাইদুর রহমান কে সভাপতি, আ: রকিব ও আজগর আলী মাষ্টারকে সহসভাপতি কেও ২১ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। সভায় মুক্ত আলোচনায় অংশ গ্রহন করেন, ইউপি সদস্য আরিফ হোসেন, হাজী আজগর আলী মাষ্টার,

রুহুল আমিন, আকতার হোসেন ও রেশমা খাতুন।

কমিউনিটি এডুকেশন ওয়াচ গ্রুপ এর দায়-দায়িত্ব ও করণীয় বিষয়ে বিভিন্ন তথ্যমুলক আলোচনা করেন মউকের সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার সাদ আহাম্মদ।অনুষ্ঠানটি পরিচালনা করেন প্রোগ্রাম অফিসার রওশানা খাতুন।

মেহেরপুরে পায়রার ব্যবস্থাপনায় টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন

‘পায়রা’ নামের একটি বেসরকারি উন্নয়ন মূলক সংগঠনের ব্যবস্থাপনায় মেহেরপুরে প্রান্তিক জনগোষ্ঠীর মাঝে বিনামূল্যে টিউবওয়েল স্থাপন করা হচ্ছে। এ কর্মসূচীতে অর্থায়ন করছে শারদা নামের একটি বিদেশী এনজিও সংস্থা।

রবিবার সকালে পায়রার সভাপতি ও বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় সংস্কৃতি উপ-কমিটির সদস্য আসলাম হোসেন শিহির এবং নির্বাহী পরিচালক ও আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার উপ-কমিটির সদস্য এম এ এস ইমন ভার্চুয়ালি টিউবওয়েল স্থাপন কাজের উদ্বোধন করেন।

এসময় পায়রার অর্থ সম্পাদক মোস্তাফিজুর রহমান চন্দন, সদস্য মুজাহিদ আল মুন্না সেখানে উপস্থিত ছিলেন।

এধাপে ব্যক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে মেহেরপুর জেলার বিভিন্ন এলাকায় ৭টি টিউবওয়েল বসানো হবে। এর আগে মেহেরপুর সদর উপজেলার শ্যামপুরে প্রতিষ্ঠান ৩টি টিউবওয়েল স্থাপন করা হয়।

পায়রার নির্বাহী পরিচালক এমএএস ইমন জানান, মেহেরপুর জেলার প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়নে কাজ করবে পায়রা। সংস্থাটি আগামী ১ বছরে জেলার তিন উপজেলার ২০টি ইউনিয়ন ও ২টি পৌর এলাকায় ব্যাক্তি ও প্রতিষ্ঠান পর্যায়ে ২ হাজার টিওবয়েল স্থাপনের লক্ষ্যমাত্রা নিয়ে কাজ করে যাচ্ছে। এছাড়াও মসজিদ ও মসজিদের অজুখানাসহ বিভিন্ন

উন্নয়ন মূলক কাজের পরিকল্পনা করা হয়েছে।

স্বদেশ প্রত্যাবর্তনকারী অবসরপ্রাপ্ত কমিটির চতুর্থ সম্মেলন

মেহেরপুরে স্বদেশ প্রত্যাবর্তনকারী অবসরপ্রাপ্ত সামরিক সদস্য কল্যাণ কমিটির চতুর্থ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার বেলা ১১ টার সময় কেন্দ্রীয় কমিটির নেতৃবৃন্দদের সমন্বয়ে মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াডোব গ্রামে সম্মেলন অনুষ্ঠিত হয়।

সম্মেলনে প্রধান অতিথি হিসেবে সরকারের কাছে বিভিন্ন দাবী এবং মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেয়ার দাবী তুলে ধরে বক্তব্য রাখেন অনারারি ক্যাপ্টেন একেএম ফজলুল হক। সার্জেন্ট মোহাম্মদ লফিজ উদ্দিনের সভাপতিত্বে এবং মোহাম্মদ জাহিদুল ইসলামের সন্ঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,ভেড়ামারা কুষ্টিয়া অঞ্চলের সভাপতি সিনিয়র অফিসার আব্দুস সামাদ,রবিশাল জেলা সভাপতি সার্জেন্ট শাহজাহান আলী,দিনাজপুর জেলা সভাপতি ওহিদুজ্জামান,জাহাঙ্গীর নগর বিশ্ব বিদ্যালয়ের তথ্য গবেষনা বিষয়ক সম্পাদক সফিউল ইসলাম,ল্যান্স কর্পোরাল শাহাদত আলী, খুলনা বিভাগের সার্জেন্ট মোছাঃ হাসিনা বেগম ।

এসময় ১৯৭১ সালের মহান মুক্তিযুদ্ধের সময় সামরিক সদস্যদের ভুমিকা তুলে ধরে বক্তব্য রাখেন বক্তারা। অবসরপ্রাপ্ত সকল সামরিক সদস্যদের মুক্তিযোদ্ধা হিসেবে স্বীকৃতি দেবার দাবী জানানো হয়।

কোটচাঁদপুরে ব্লাড ব্যাংকের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষকী পালন

হাসি মুখে রক্তদান বাঁচতে পারে লক্ষ্যপ্রাণ এই প্রতিপাদ্য ঝিনাইদহের কোটচাঁদপুর ব্লাড ব্যাংকের ৪র্থ প্রতিষ্ঠা বার্ষিকী পালন করা হয়েছে।

শনিবার সকাল ১০টায় বলুহর বাসস্ট্যান্ড উত্তরা মটরস শো-রুমের দ্বিতীয় তলায় এই অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপত্বি করেন ব্লাড ব্যাংকের পরিচালক ও প্রভাষক মোঃ আলমগীর হোসেন।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন খুলনার প্রকল্প পরিচালক(উপ সচিব) বিভাগীয় কমিশনার আবু সায়েদ মোঃ মনছুর আলম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা নির্বাহী অফিসার দেলোয়ার হোসেন, কোটচাঁদপুর (সার্কেলের) অতিরিক্ত পুলিশ সুপার মোহাইমিনুল ইসলাম,সাবেক অধ্যক্ষ মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা ভাইস চেয়ারম্যান রিয়াজ হোসেন,অফিসার ইনচার্জ মঈন উদ্দিন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ মোঃ আব্দুর রশিদ,বিশিষ্ট সমাজ সেবক মোঃ কাইয়ুম শাহরিয়ার জাহেদী হিজল। এছাড়া কোটচাঁদপুর মানবাধিকার সংগঠনের সভাপতি সহ অন্যান্য সদস্যরা উপস্হিত ছিলেন।

এই উপলক্ষে সংগঠনটি র্যালি, আলোচনা সভাও সম্মাননা স্মারক প্রদান করেন। এ-ব্যাপারে ব্লাড ব্যাংকের পরিচালক মোঃ আলমগীর হোসেন বলেন,প্রতিষ্ঠানটি হাটি-হাটি পা পা করে ৩ বছর আগে চলতে শুরু করে।

বর্তমানে কোটচাঁদপুর ব্লাড ব্যাংক কর্ম দক্ষতা দিয়ে এগিয়ে চলেছে। সামনের দিন গুলো আপনাদের সহযোগিতা পেলে মানুষের পাশে থেকে কাজ করে যেতে চায়।

[redacted]

[redacted]

জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির উদ্যোগে জাতীয় শোক দিবস পালন

মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির উদ্যোগে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস পালন করা হয়েছে।

সোমবার দুপুরের দিকে মেহেরপুর শহরের হালদারপাড়ায় নিজস্ব কার্যালয়ে এ আলোচনা সভা ও দোয়া মাহফিলের আয়োজন করেন তারা। আলোচনা সভায় মেহেরপুর জেলা অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সভাপতি নুরুল ইসলামের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মেহেরপুর জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট রিফাত জাহান।

মেহেরপুর জেলা সরকারি কর্মচারী কল্যাণ সমিতির সাধারণ সম্পাদক মোয়াজ্জেম হোসেনের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সহ-সভাপতি রমজান আলী, যুগ্ন সাধারন সম্পাদক ফকির মাহমুদ, কোষাধক্ষ্য আব্দুর রহমান, যুগ্নু কোষাধ্যক্ষ ইব্রাহিম প্রমুখো সেখানে বক্তব্য রাখেন। পরে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান সহ ১৫ ই আগস্ট সকল শহীদদের আত্মার মাগফিরাত কামনাই সেখানে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

মেহেরপুরে জাতীয় শোক দিবস উপলক্ষে ৭১ এর বীর মুক্তিযোদ্ধাদের বিভিন্ন

আয়োজন

১৫ ই আগস্ট জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর শাহাদাত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ উপলক্ষে মেহেরপুরে শ্রদ্ধাঞ্জলি, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেছে ৭১ এর বীর মুক্তিযোদ্ধাবৃন্দ।

আজ সোমবার সকাল ৮ টার দিকে মেহেরপুর জেলা পরিষদ চত্বরে অবস্থিত বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে তারা শ্রদ্ধা নিবেদন করেন। পরে জেলা পরিষদের হলরুমে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হয়।

বীর মুক্তিযোদ্ধা ক্যাপ্টেন (অব.) মো: আব্দুল মালেকের সভাপতিত্বে আলোচনা সভায় বক্তব্য রাখেন, জেলা পরিষদের প্রশাসক গোলাম রসুল, বীর মুক্তিযোদ্ধা হারুন অর রশিদ, বীর মুক্তিযোদ্ধা জিল্লুর রহমান, ওমেদ উদ্দীন, চাঁদ আলী, বেগম সালেহা প্রমুখ।

এছাড়াও এসময় মুক্তিযোদ্ধা আব্দুস সাত্তার, আলী হোসেন, হায়দার আলী খান, মোফাজ্জল হোসেনসহ প্রায় ১০০ জন্য মুক্তিযোদ্ধাগণ উপস্থিত ছিলেন।

পরে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তার পরিবারের সকলের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ দোওয়া ও মোনাজাত করা হয়।